অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/10/2022 **গভর্নর ক্যাথি হোকল**

জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের ন্যাশনাল সেন্টার ফর কালচারাল কম্পিটেন্স-এর সঙ্গে 10 মিলিয়ন ডলারের অংশীদারিত্বের ব্যাপারে গভর্নর হোকলের ঘোষণা

স্টেটের এই বিনিয়োগের লক্ষ্য হলো বৈচিত্র্য, সমতা, অন্তর্ভুক্তি এবং সাংস্কৃতিক ও ভাষাগত দক্ষতা উন্নত করা

তিন-বছর মেয়াদী এই পরিকল্পনায় পরিকল্পনা প্রণয়ন, কমিউনিটির সম্পৃক্ততা, পরিকল্পনা বাস্তবায়ন, এবং অগ্রগতির পরিমাপ অন্তর্ভুক্ত থাকবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য অফিস (Office for People With Developmental Disabilities) বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য সহায়তা ও পরিষেবার OPWDD সিস্টেমের সব উপাদানের মধ্যে বৈচিত্র্য, সমতা, অন্তর্ভুক্তি এবং সাংস্কৃতিক ও ভাষাগত দক্ষতার নীতিমালা ও প্রচলন এগিয়ে নিতে জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের (Georgetown University) ন্যাশনাল সেন্টার ফর কালচারাল কম্পিটেন্স (National Center for Cultural Competence)-এর সঙ্গে তিন-বছর মেয়াদী, 10 মিলিয়ন ডলারের একটি অংশীদারিত্ব শুরু করেছে।

"আমাদের কমিউনিটিগুলোতে বৈচিত্র্য, সমতা, ও অন্তর্ভুক্তির প্রসার ঘটাতে কঠোর পরিশ্রম করে যাওয়ার এই সময়ে, জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে এই গুরুত্বপূর্ণ অংশীদারিত্বে যোগ দিতে পেরে আমি উচ্ছসিত," **বলেছেন গভর্নর হোকল**। "তিন-বছর মেয়াদী এই সম্পর্ক বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীদেরকে, তাদের পরিবারকে এবং তাদের সহায়তাকারী ব্যক্তিদেরকে তাদের সমৃদ্ধির জন্য প্রয়োজনীয় পরিষেবা পেতে প্রায় ক্ষেত্রেই প্রতিবন্ধকতা হয়ে দাঁড়ানো বাঁধাগুলো ভেঙ্গে ফেলতে সাহায্য করবে।"

OPWDD-এর কমিশনার কেরি ই. নেইফেল্ড বলেন, "DEI খাতের একটি নেতৃস্থানীয় প্রতিষ্ঠান হিসেবে জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের NCCC নিজের অবস্থান তৈরি করে নিয়েছে। এই অংশীদারিত্বের মধ্য দিয়ে, আমাদের স্টেকহোল্ডারদের কাছ থেকে শেখার পাশাপাশি আমাদের বর্তমান ব্যবস্থার মধ্যকার বৈচিত্র্য, সমতা, অন্তর্ভুক্তি ও সাংস্কৃতিক দক্ষতা সংক্রান্ত সমস্যাগুলো সম্পর্কে আমাদের সচেতনতা উন্নত করার সময় OPWDD তাদের বিশেষ দক্ষতাকে কাজে লাগাতে সক্ষম হবে। গভর্নর হোকলের নেতৃত্বে, নিউ ইয়র্ক স্টেট DEI ও CLC সংক্রান্ত সমস্যাগুলো মোকাবেলায় আমাদের শক্তিশালী অঙ্গীকারের প্রমাণ দেখিয়েছে। NCCC-এর

সহায়তা ও নির্দেশনা সঙ্গে নিয়ে, OPWDD শুধু আমাদের কর্মীদের মধ্যে সাংস্কৃতিক দক্ষতা উন্নত করার জন্যই নয়, বরং আমাদের পরিষেবা পাওয়ার প্রয়োজন রয়েছে এমন স্টেকহোল্ডারদের অধিকতর বিস্তৃত দলের কাছে আরো কার্যকরভাবে পৌঁছে যাওয়ার মতো পর্যাপ্ত সক্ষমতা অর্জন করবে।"

অ্যাসোসিয়েট প্রফেসর এবং জর্জটাউন বিশ্ববিদ্যালয় NCCC-এর ডিরেক্টর টাওয়ারা ডি. গোডে বলেন, "বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তি, তাদের পরিবার, এবং তারা যেসব কমিউনিটিতে বসবাস করছেন সেগুলোর জন্য সহায়তা ও পরিষেবার সিস্টেমে CLC ও DEI এগিয়ে নেওয়ার জন্য নিউ ইয়র্ক OPWDD ও অন্যান্য স্টেকহোল্ডারদের সঙ্গে অংশীদার হতে পেরে জর্জটাউন বিশ্ববিদ্যালয় NCCC-এর শিক্ষক ও কর্মচারীরা উচ্ছসিত বোধ করছে। বিচিত্র সব জাতিগত, নৃতাত্ত্বিক, সাংস্কৃতিক, ও ভাষাগত গোষ্ঠী জুড়ে অবস্থানকারী বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তি এবং তাদের পরিবারের স্বার্থ ও প্রয়োজনের প্রতি সাড়া দিতে এটির বর্তমান সিস্টেমের সক্ষমতা বৃদ্ধির জন্য এর অঙ্গীকারাবদ্ধতা ও সংস্থান বিনিয়োগের জন্য আমরা OPWDD-এর প্রশংসা করি।"

স্টেট সিনেটর জন ডব্লিউ. ম্যানিয়ন বলেন, "বুদ্ধিবৃত্তিক বা বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের বিচিত্র জাতিগত ও সাংস্কৃতিক পটভূমি থেকে আসতে দেখা গেছে। তাদের সেবার দায়িত্ব যাদের হাতে অর্পণ করা হয়েছে সেসব ব্যক্তির এই বাস্তবতা অনুধাবন করতে পারা এবং বৈচিত্র্য, সমতা, ও সাংস্কৃতিক অন্তর্ভুক্তি সম্পর্কে যথাযথ প্রশিক্ষণ থাকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের সঙ্গে নিউ ইয়র্কের এই অংশীদারিত্ব OPWDD-এর মধ্যে সেরা রীতিগুলো নিয়ে আসবে এবং স্টেটকে I/DD আক্রান্ত নিউ ইয়র্কবাসীদেরকে আরো ভালোভাবে সহায়তা প্রদান করার সুযোগ করে দিবে। স্টেটের সেবা প্রদান ব্যবস্থা মজবুত করে তুলতে এবং অব্যাহতভাবে উন্নত করার জন্য তার অঙ্গীকারাবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি।"

নিউ ইয়র্ক স্টেটের চিফ ডাইভার্সিটি অফিসার জুলিসা গিউটিরেজ বলেন, "সমগ্র OPWDD সিস্টেম জুড়ে বৈচিত্র্য, সমতা, অন্তর্ভুক্তি এবং সাংস্কৃতিক ও ভাষাগত দক্ষতা শক্তিশালী করার জন্য এই অংশীদারিত্ব এধরনের প্রথম বিনিয়োগ। স্টেকহোল্ডারদের সম্পৃক্ততাকে, যেমন পরিষেবা পেতে চাওয়া লোকজন ও তাদের পরিবারের সঙ্গে সম্পৃক্ততাকে, অগ্রাধিকার দেওয়া থেকে এটা স্পষ্ট যে জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের NCCC ও OPWDD বুঝতে পেরেছে যে সরকারি নীতিমালার দ্বারা সবচেয়ে বেশি প্রভাবিত হওয়া ব্যক্তিরাই সমাধান তৈরিতে বিশেষভাবে দক্ষ হয়ে থাকেন। আমি গভর্নর হোকল এবং কমিশনার নেইফেল্ড-এর নেতৃত্বকে সাধুবাদ জানাই এবং আমি এই অংশীদারিত্ব থেকে শিক্ষা নেওয়ার প্রত্যাশা রাখি যাতে আমরা স্টেটের সব নীতিমালা, কর্মসূচি ও পরিষেবার ক্ষেত্রে বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তিকে সম্পৃক্ত করতে পারি।"

চিফ ডিজেবিলিটি অফিসার ফর নিউ ইয়র্ক স্টেট কিম্বারলি হিল বলেন, "আমি রোমাঞ্চিত যে গভর্নর হোকলের নেতৃত্বের অধীনে, OPWDD ও জর্জটাউন বিশ্ববিদ্যালয় বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তি উন্নত করার ব্যাপারে জোর দিতে একসঙ্গে অংশীদার হচ্ছে। অক্ষমতায় আক্রান্ত নিউ ইয়র্কবাসীদের আমাদের কমিউনিটিগুলোতে স্বনির্ভর হয়ে জীবনযাপন করতে তাদের প্রয়োজনীয় পরিষেবাগুলো পাওয়ার সক্ষমতা উন্নত করতে আমাদের সাধ্যমতো চেষ্টা চালিয়ে

যেতে হবে, বিশেষ করে যদি আমরা প্রান্তিক কমিউনিটিগুলোকে টার্গেট করতে পারি। এই সহযোগিতার মতো সহযোগিতার সম্পর্কগুলো সত্যিকার অর্থেই অধিকতর অন্তর্ভুক্তিমূলক একটি স্টেট তৈরির ক্ষেত্রে একটি সুদূর প্রসারী ভূমিকা রাখবে।"

এই অংশীদারিত্বের সময়কালে, OPWDD NCCC-এর কর্মসূচি সংক্রান্ত ও প্রশাসনিক দলগুলোর সঙ্গে কাজ করবে যারা শুধু যে সংস্থাটির নীতিমালা ও কর্মসূচিগুলোর দিকে দৃষ্টি দিবে তাই নয়, বরং CLC ও DEI-কে OPWDD-এর সহায়তা ব্যবস্থার কেন্দ্রস্থলে প্রতিষ্ঠা করতে কেন্দ্রীয় মূল্যবোধ, কাঠামো, প্রচলন, আচরণ ও মনোভাবগুলোও পর্যালোচনা করবে। এই উদ্যোগ দুইটি প্রধান ক্ষেত্রে মনোযোগ দিবে — সুনির্দিষ্টভাবে OPWDD-এর উপর এবং সামগ্রিকভাবে পরিষেবা ব্যবস্থার উপর।

এই প্রকল্প OPWDD-এর পাঁচ-বছর মেয়াদী কৌশলগত পরিকল্পনা প্রক্রিয়ার সময়ে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোতে স্টেকহোল্ডারদের কাছে ব্যাপক প্রচারণার ফলাফল। পরিষেবা গ্রহণ করতে চাওয়া লোকজন, পরিবারের সদস্য, বন্ধুবান্ধব ও সেবা প্রদানকারীরা OPWDD-কে সামনের বছরগুলোতে পরিকল্পনা প্রণয়নের সময় DEI ও CLC-কে অগ্রাধিকার দেওয়ার পরামর্শ দিয়েছে। সেইসাথে, আমেরিকান রেসকিউ প্ল্যান আইনের (American Rescue Plan Act) মাধ্যমে বরাদ্দকৃত ফেডারেল অনুদান OPWDD-কে এসব এলাকা শক্তিশালী করতে সহায়তা করার জন্য এককালীন তহবিল ব্যবহারের একটি অনন্য সুযোগ প্রদান করবে।

রিমোট সেশন পরিচালনা এবং পরামর্শ প্রদান করার মাধ্যমে, জর্জটাউন সেবা প্রদানকারীদের, কর্মীদের, বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের এবং তাদের পরিবারগুলোকে একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করতে সাহায্য করবে। বিশ্ববিদ্যালয়টি OPWDD কর্মীদের পেশাগত উন্নয়নের চাহিদা মূল্যায়ন করবে এবং সংস্থাগত পরিবর্তনের উপর জোর দিয়ে চলমান প্রশিক্ষণ প্রদান করবে। এছাড়াও জর্জটাউন OPWDD-কে সমগ্র পরিষেবা ব্যবস্থার মধ্যকার DEI ও CLC মূল্যায়ন করতে সাহায্য করার জন্য মানদণ্ড, বেঞ্চমার্ক ও অন্যান্য পরিমাপ ব্যবস্থা প্রণয়ন করতে পরামর্শমূলক সেবা প্রদান করবে। প্রাপ্ত ফলাফলগুলো OPWDD-এর কর্মপরিকল্পনার অংশ হয়ে যাবে।

এছাড়াও বিকাশ সংক্রান্ত অক্ষমতা বিষয়ক সেবা প্রদানকারীদের একটি সংস্থা, NYS কমিউনিটি অব প্র্যাকটিস (NYS Community of Practice)-কে জর্জটাউন কারিগরি সহায়তা ও পরামর্শমূলক সেবা প্রদান করবে। বিশ্ববিদ্যালয়টি সেবা প্রদানকারী নেটওয়ার্কটির সংস্থাগুলোর মধ্যকার DEI এবং সাংস্কৃতিক ও ভাষাগত দক্ষতা এগিয়ে নিতে বিদ্যমান শক্তি ও দুর্বলতাগুলো মূল্যায়নের কাজে নেটওয়ার্কটিকে সম্পৃক্ত করবে।

সেইসাথে, OPWDD পরিষেবা ব্যবস্থার মধ্যকার সেবা প্রদানকারীদের প্রতি OPWDD DEI-সংক্রান্ত অনুদান পাওয়ার আবেদন জমা দিতে অনুরোধ জানাবে। OPWDD জর্জটাউনের পরামর্শ সহায়তা নিয়ে অনুদান ইস্যু করবে এবং বিকাশ সংক্রান্ত অক্ষমতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য সমগ্র পরিষেবা ব্যবস্থা জুড়ে DEI অন্তর্ভুক্ত করতে উৎসাহিত করবে।

জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের NCCC বিভিন্ন সিস্টেম ও সংস্থার মধ্যকার সাংস্কৃতিক ও ভাষাগত দক্ষতা সংক্রান্ত জ্ঞান সমৃদ্ধ করতে অবদান রাখে এবং জাতীয় পর্যায়ে নেতৃত্ব দিয়ে থাকে। NCCC প্রামাণ্য বিষয়গুলোকে স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যসেবা পৌঁছে দেওয়া, প্রশাসন, শিক্ষা ও অ্যাডভোকেসি ইত্যাদির সাথে সম্পর্কিত কর্মসূচি ও কর্মীদের জন্য প্রণীত নীতিমালা ও প্রচলনে রূপান্তর করার বিষয়ে জোর দিয়ে থাকে।

আরো তথ্যের জন্য, ভিজিট করুন OPWDD এবং জর্জটাউন বিশ্ববিদ্যালয়ের NCCC, অথবা communications.office@opwdd.ny.gov ঠিকানায় যোগাযোগ করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418